

লজ্জা

কামরুন নাহার

alorkona@yahoo.com

এত কাছে বস্তির বেপরোয়া দারিদ্র্য,
ক্ষুধার আর্তনাদ ইথারে শোনো না কি,
তোমার টেবিলের মাংস, দুধ, ডিম
শোনাচ্ছে ভাষাহীন ভৎসনা অসীম,
তবু তুমি বুর্জোয়া নিজের টয়োটায়
নন্দনে গিয়েছ আমিষের সন্ধানে।

কালো শীর্ণ শরীরে বস্ত্রহীন শ্রমিক
হাসে পোশাক শিল্প কারখানার পাশে,
তোমার বেলোয়ারি, রেশমি সাজসজ্জা
সভ্যতার শরীরে জড়িয়ে থাকা লজ্জা,
তবু নেশায় বঁদ, আলো ঝলমল রাতে
গিয়েছ বসুন্ধরা সিটি সপিং মলে।